

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়  
টাঙ্গাইল।  
[tangail.judiciary.org.bd](http://tangail.judiciary.org.bd)



আদেশ নং-১৩

তারিখ : ১০ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ  
২৪ জানুয়ারী ২০২২ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ২৩-০১-২০২২ ইং তারিখের ০৩/২০২২ জে, নং বিজ্ঞপ্তি মূলে অধস্তন আদালতের বিচারক এবং কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে যারা এখনো কোভিড-১৯ ভ্যাকসিনের বুস্টার ডোজ গ্রহণ করেননি তাদেরকে ২য় ডোজ গ্রহণের তারিখ হতে ৬ মাস অতিক্রান্ত হওয়া সাপেক্ষে আগামী ০১/০২/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে কোভিড-১৯ ভ্যাকসিনের বুস্টার ডোজ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

উক্ত নির্দেশনার প্রেক্ষিতে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, টাঙ্গাইল এর বিচারক এবং কর্মচারীদের মধ্যে যারা এখনো কোভিড-১৯ ভ্যাকসিনের বুস্টার ডোজ গ্রহণ করেননি তাদেরকে ২য় ডোজ গ্রহণের তারিখ হতে ৬ মাস অতিক্রান্ত হওয়া সাপেক্ষে আগামী ৩০/০১/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে কোভিড-১৯ ভ্যাকসিনের বুস্টার ডোজ গ্রহণ করতঃ কোভিড-১৯ টিকা সনদ এর কপি এবং ভ্যাকসিনের বুস্টার ডোজ গ্রহণ সংক্রান্ত তথ্যাবলী সংযুক্ত ছক মোতাবেক নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের নির্দেশ প্রদান করা হলো।

সংশ্লিষ্ট সকলকে জ্ঞাত করানো হোক।

স্বাক্ষরিত/-

(সাইদ হাসান)

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট

টাঙ্গাইল।

স্মারক নং-১০.০০.৯৩০০.০০১.১৮.০১৩.২২/ ১৫০(১৮) -

তারিখ : ১০ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ  
২৪ জানুয়ারী ২০২২ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ, টাঙ্গাইল।
- ২। তত্ত্ববধায়ক, শেখ হাসিনা মেডিকেল কলেজ হাসপাতাল, টাঙ্গাইল।
- ৩। সিভিল সার্জন, টাঙ্গাইল।
- ৪। অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, টাঙ্গাইল/ স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা ও দায়রা জজ), বিদ্যুৎ আদালত, টাঙ্গাইল।
- ৫। সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, টাঙ্গাইল (সকল)।
- ৬। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, টাঙ্গাইল (সকল)।
- ৭। পি.এ টু সিজেএম, টাঙ্গাইল।
- ৮। জনাব আবু সালেহ, কম্পিউটার অপারেটর, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল। (বিষয়টি ওয়েব সাইটে প্রকাশের নির্দেশসহ)
- ৯। অফিস কপি।

২৪.০১.২০২২  
(সাইদ হাসান)

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট  
টাঙ্গাইল।